# ২০২৩

## বাংলা - এম.ডি.সি.

### পত্র : CC-1

### [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্যের অন্ত্যপর্বের বলতে কী বোঝ? এই পর্বের সাহিত্যের গতিপ্রকৃতি কীরকম ছিল নিদর্শনসহ বুঝিয়ে দাও। ২+১০+৩

অথবা,

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? কাব্যটির আবিষ্কারক, আবিষ্কারকাল, প্রকাশকাল ও প্রকাশনা সংস্থার নাম লেখো এবং কাব্যটির সাহিত্যিক মূল্য আলোচনা করো। ১+৪+১০

২। (ক) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে উল্লেখ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। ৫+১০

অথবা,

(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের কবি কে? তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫

৩। (ক) ধর্মঠাকুরের স্বরূপ উল্লেখ করে ধর্মমঙ্গল কাব্যধারায় শ্রেষ্ঠ কবির কৃতিত্বের মূল্যায়ন করো। ৫+১০

অথবা,

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার গুরুত্ব উল্লেখ করে সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও। ৫+১০

৪। (ক) চর্যার ভাষাকে 'সান্ধাভাষা' বা 'সন্ধ্যাভাষা' বলার কারণ নির্দেশ করো। ৫

অথবা,

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'চণ্ডীদাস সমস্যা' বলতে কী বোঝ? ৫

৫। (ক) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির রচয়িতার নাম উল্লেখ করে গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো। ১+৪

অথবা,

(খ) জ্ঞানদাসকে 'চণ্ডীদাসের ভাবশিষ্য' বলার যৌক্তিকতা কোথায়? ৫

৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যটি 'নূতনমঙ্গল' নামে পরিচিত হয়ে ওঠার কয়েকটি উল্লেখযোগ্য কারণ লিপিবদ্ধ করো।

*অথবা,*

(খ) শ্যামাসংগীত রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব কতখানি সংক্ষেপে আলোচনা করো।

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১

(ক) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

(খ) চর্যাপদের তিব্বতী অনুবাদ কে আবিষ্কার করেন?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে সখী-দূতী ও অভিভাবিকাস্বরূপা হিসাবে পরিচিতা কে?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মধ্যে একটি টুকরো কাগজে কোন শব্দটি পাওয়া গিয়েছিল?

(ঙ) কবীন্দ্র পরমেশ্বর কোন কাব্যের অনুবাদ করেছিলেন?

(চ) কৃত্তিবাসী রামায়ণের প্রকৃত নাম কী?

(ছ) মনসামঙ্গল কাব্যের একজন কবির নাম লেখো।

(জ) বাংলা ভাষায় রচিত সর্বপ্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো।

(ঝ) ব্রজবুলি ভাষায় কে পদ রচনা করেছিলেন?

(ঞ) 'অন্নদামঙ্গল' কাব্যের দ্বিতীয় খণ্ডটির নাম কী?

(ট) মহম্মদ সগীরের গ্রন্থটির নাম উল্লেখ করো।

(ঠ) 'তোহ্ফা' কার লেখা গ্রন্থ?

(ড) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল?

(ঢ) দৌলত কাজী আরাকানের কোন রাজার আনুকূল্যে কত খ্রিস্টাব্দে 'লোরচন্দ্রাণী ও সতীময়না' গ্রন্থটি রচনা করেন?

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার আনুকূল্য লাভ করেন?

---

LIBRARY

২০২৪

# বাংলা - এম.ডি.সি

## পত্র : CC-1

## [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী? এর আবিষ্কার সংক্রান্ত তথ্য বিবৃত করে গ্রন্থটির ঐতিহাসিক মূল্য নিরূপণ করো। ২+৩+১০

*অথবা,*

(খ) আদি-মধ্যযুগের বাংলা সাহিত্যের নিদর্শন কী? এর রচয়িতা কে? এই কাব্যটির কবির কৃতিত্বের পরিচয় দাও। ২+১+১২

২। (ক) অনুবাদ সাহিত্য কাকে বলে? অনুবাদ সাহিত্যের প্রয়োজনীয়তা কী? অনুবাদক হিসাবে কাশীরাম দাসের কবিকৃতির পরিচয় দাও। ২+৩+১০

*অথবা,*

(খ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়? বৈষ্ণব সাহিত্যে তাঁর কৃতিত্বের পরিমাপ করো। ২+১৩

৩। (ক) বাংলা সাহিত্যের মধ্যযুগে মঙ্গলকাব্য ধারার উৎপত্তির কারণ কী? কবি ভারতচন্দ্র রায়ের কৃতিত্বের পরিচয় দাও। ৫+১০

*অথবা,*

(খ) রামপ্রসাদ সেন-এর কবিপ্রতিভার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

৪। (ক) টীকা লেখো— গাথাসপ্তশতী। ৫

*অথবা,*

(খ) চর্যাপদের ভাষাকে কী ভাষা বলা হয়? কেন? ১+৪

৫। (ক) কৃত্তিবাস তাঁর কাব্যটিকে কী নামে অভিহিত করেছিলেন? কাব্যটির বাঙালিয়ানা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৩

*অথবা,*

(খ) টীকা লেখো— চৈতন্যভাগবত। ১+৪

৬। (ক) বিজয়গুপ্তের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'ইউসুফ জোলেখা' কার লেখা? এটি কোন ধরনের কাব্য? কাব্যটির বিশিষ্টতা সংক্ষেপে লেখো। ১+১+৩

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদ কোথা থেকে কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(খ) বাংলায় তুর্কি আক্রমণ কবে হয়েছিল?

(গ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কবে আবিষ্কৃত হয়?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কটি খণ্ড আছে?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষ খণ্ডটির নাম কী?

(ছ) মালাধর বসু ভাগবতের কোন দুই স্কন্ধের অনুবাদ করেন?

(জ) গৌড়েশ্বর মালাধর বসুকে কোন খেতাব দিয়েছিলেন?

(ঝ) রামায়ণের আদি কবি কে?

(ঞ) কৃত্তিবাস কোন ছন্দে বাল্মীকি রামায়ণ অনুবাদ করেন?

(ট) কাশীরাম দাস ছাড়া মহাভারতের যে-কোনো একজন অনুবাদকের নাম লেখো।

(ঠ) 'মনসামঙ্গল' কাব্যধারার যে-কোনো একজন কবির নাম লেখো।

(ড) আরাকান-রোসাঙ্ রাজসভার দু'জন মুসলমান কবির নাম লেখো।

(ঢ) দৌলত কাজী রচিত গ্রন্থটির নাম কী?

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য লিখিত একটি গ্রন্থের নাম লেখো।

---



2/2

# ২০২৫

## বাংলা — এম.ডি.সি

**পত্র : CC-1**

**[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদের আবিষ্কার এবং প্রকাশ সংক্রান্ত তথ্যগুলি আলোচনা করে গ্রন্থটির কাব্যমূল্য বিচার করো। ৫+১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন যুগের সাহিত্যিক নিদর্শন? এই গ্রন্থের মোট কয়টি খণ্ড? এই কাব্যের কবির পরিচয় দিয়ে কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ১+১+৩+১০

২। (ক) অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণ আলোচনা করে অনুবাদক হিসাবে কৃত্তিবাসের মৌলিকতা ও জনপ্রিয়তার কারণ নির্দেশ করো। ৫+১০

*অথবা*

(খ) চৈতন্যজীবনীকাব্য হিসাবে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো। ১৫

৩। (ক) মঙ্গলকাব্যগুলির মধ্যে ধর্মমঙ্গলের স্বাতন্ত্র্য দেখিয়ে এই ধারার যে-কোনো একজন কবির কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো। ৫+১০

*অথবা*

(খ) সপ্তদশ শতকে আরাকান রাজসভার গুরুত্ব বিচার করে আলাওলের 'পদ্মাবতী' কাব্যটির বিশিষ্টতা দেখাও। ৫+১০

৪। (ক) টীকা লেখো — প্রাকৃত পৈঙ্গল। ৫

*অথবা*

(খ) বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব লেখো। ৫

৫। (ক) টীকা লেখো — শ্রীকৃষ্ণবিজয়। ৫

*অথবা*

(খ) কোন কবিকে কেন 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয়? ১+৪

৬। (ক) টীকা লেখো — ইউসুফ জোলেখা।

*অথবা*

(খ) শাক্ত-পদকর্তারূপে রামপ্রসাদ সেনের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

(ক) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

(খ) চর্যাপদের তিব্বতি অনুবাদ কে আবিষ্কার করেন?

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কে আবিষ্কার করেন?

(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কোথা থেকে প্রকাশিত হয়?

(ঙ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রধান চরিত্র কয়টি?

(চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি ছিল?

(ছ) কাশীরাম দাস কোথায় জন্মগ্রহণ করেন?

(জ) চৈতন্যদেব কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

(ঝ) কোন কবিকে 'মৈথিল কোকিল' বলা হয়?

(ঞ) দৌলত কাজী কোন শতকের কবি?

(ট) মনসামঙ্গলের আদি কবির নাম লেখো।

(ঠ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যের রচনাকাল লেখো।

(ড) দৌলত কাজী কার অনুরোধে 'লোরচন্দ্রানী ও সতীময়না' লেখেন?

(ঢ) 'রায়গুণাকর' কোন কবির উপাধি ছিল?

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার কবি ছিলেন?

---